

নম্বর ০৫.৪৭.৪৯০০.০০৫.০৫.০২৭.১৮-

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০৫ মে ২০২৪ খ্রি. তারিখের ৩৫.০০.০০০০.০২০.০৯.০১২.২৪-৩১৩ নম্বর পত্রের আলোকে আগামী ০৮ মে ২০২৪ খ্রি. তারিখে ৬ষ্ঠ উপজেলা পরিষদ প্রথম ধাপের নির্বাচন-২০২৪ এ জেলার চিলমারী, রৌমারী ও চর রাজিবপুর উপজেলায় অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন সুষ্ঠু, অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা মোতাবেক আমি মোহাম্মদ সাইদুল আরীফ, জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম আগামী ০৭ মে ২০২৪ খ্রি. তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৮ মে ২০২৪ খ্রি. তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নবর্ণিত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করলাম:

(১) ট্যাক্সি ক্যাব	(২) পিক আপ	(৩) মাইক্রোবাস	(৪) ট্রাক
--------------------	------------	----------------	-----------

০২। অনুরূপভাবে ০৬ মে ২০২৪ খ্রি. তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৯ মে খ্রি. তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

০৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) এবং জরুরি কাজে ব্যবহৃত মোটর সাইকেলের ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, প্রশাসন ও নির্বাচনের বৈধ পর্যবেক্ষক এবং কতিপয় জরুরি কাজে যেমন-এম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

০৪। উক্ত নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


(মোহাম্মদ সাইদুল আরীফ)

জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম।

ফোন- ০২৫৮৯৯-৫০০২২


ই-মেইল-dckurigram@mopa.gov.bd

তারিখ : ২২ বৈশাখ ১৪৩১
০৫ মে ২০২৪

নম্বর ০৫.৪৭.৪৯০০.০০৫.০৫.০২৭.১৮- ৩৪২

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে/ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ, সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৫। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
- ৬। পুলিশ সুপার, কুড়িগ্রাম
- ৭। অধিনায়ক, বর্ডার গার্ড বাংলাদেশ, ২২ বিজিবি, কুড়িগ্রাম/৩৫ বিজিবি, জামালপুর/ ১৫ বিজিবি, সালমনিরহাট
- ৮। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম
- ৯। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম
- ১০। অধিনায়ক, র্যাক-১৩, রংপুর
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী/রৌমারী/চর রাজিবপুর, কুড়িগ্রাম
- ১২। জেলা কম্যান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, কুড়িগ্রাম
- ১৩। জেলা নির্বাচন অফিসার, কুড়িগ্রাম
- ১৪। উপপরিচালক, জেলা তথ্য অফিস, কুড়িগ্রাম (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ১৫। অফিসার ইনচার্জ, চিলমারী/রৌমারী/ চর রাজিবপুর থানা। (এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১৬। সহকারী পরিচালক, বিআরটিএ, কুড়িগ্রাম
- ১৭। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, কুড়িগ্রাম
- ১৮। সভাপতি/সাধারণ সম্পাদক, বাস, ট্রাক মালিক সমিতি, কুড়িগ্রাম


জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম।
